গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১২ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ/ ২৬ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও নং ১৫৫-আইন/আয়কর-১০/২০২৫।—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৩৪৩ এ প্রদত্ত ক্ষমতাবলে, ২৭ জুন, ২০২৪ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস, আর, ও নং-২৪৩-আইন/আয়কর-৩৭/২০২৪ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত প্রজ্ঞাপনের বিধি ১০ এর উপ-বিধি (২) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (৩) সন্নিবেশিত হইবে, যথা:—

"(৩) সহায়তাকারীগণ তাঁহাদের নিয়োগের তারিখ হইতে অনধিক ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য স্বপদে অধিষ্ঠিত থাকিবেন।"।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৫ তারিখ হইতে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com